

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারী পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ফরম 'খ'
নিকাহ রেজিস্ট্রারের লাইসেন্স
[বিধি ৬(৯) এবং ১০ দ্রষ্টব্য]

নং বিচার-৭/২-এন-০১/৮৯(অংশ-১)-৭৬
প্রতি,

তারিখঃ ২৬/০৩/২০২০খ্রিঃ।

মোঃ আশরাফুজ্জামান
পিতা- মোঃ রফিকুল ইসলাম
মাতা-মালেকা বানু
গ্রাম-নিজ সুন্দর খাতা
ডাকঘর- সুন্দর খাতা
উপজেলা- ডিমলা
জেলা- নীলফামারী।

জন্ম তারিখঃ ০১/০৩/১৯৮৭ খ্রিঃ

মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার ডিমলা উপজেলার ০২নং বালাপাড়া ইউনিয়নের ১, ৪, ৫ ও ৭নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বা/-

(বুলবুল আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
বিচার শাখা-৭
ফোন-৯৫৫৮২৮৭।

তারিখঃ ২৬/০৩/২০২০খ্রিঃ।

নং বিচার-৭/২-এন-০১/৮৯(অংশ-১)-৭৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। মহা-পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।

০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

০৩। উপ-পরিচালক, ফরমস এন্ড পাবলিকেশন, তেজগাঁও, ঢাকা।

(উপরোক্ত আদেশটি বাংলাদেশ গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হইল)

০৪। জেলা-রেজিস্ট্রার, নীলফামারী।

০৫। সাব-রেজিস্ট্রার, ডিমলা, নীলফামারী।

০৬। ম্যানেজার, ফরমস এন্ড পাবলিকেশন, আঞ্চলিক অফিস, রংপুর।

০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

০৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৯। অফিস কপি/গার্ড ফাইল।

~~বুলবুল আহমেদ~~ ২৬/০৩/২০২০
(বুলবুল আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
বিচার শাখা-৭
ফোন-৯৫৫৮২৮৭।